সিলেট ।

**অতি জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৫৩.০১.০১২.২৩/২০৪(২৩) তারিখ: ২২ মে, ২০২৩ খ্রিঃ।

**বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরের প্রাক-বাজেট সাবধানতা অবলম্বন।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আদিষ্ট হয়ে আপনার এবং আপনার মাধ্যমে আপনার দপ্তরের সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। আগামী ১ জুন, ২০২৩ খ্রিঃ তারিখে ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট ঘোষণা করা হবে এবং তা ১ জুন, ২০২৩ খ্রিঃ তারিখ হতেই কার্যকর হবে। উল্লেখ্য, জাহাজ বন্দরে আগমনের পূর্বে Import Manifest ও B/E দাখিলের বিধান Customs Act, 1969 এ বিদ্যমান রয়েছে। সে অনুযায়ী পুরো বছরই এ সকল কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। এতে অর্থবছরের অন্যান্য সময় তেমন কোন সমস্যা না হলেও বাজেট ঘোষণার সময় শুল্ক-কর হ্রাস/বৃদ্ধির কারণে বিভিন্ন ধরণের জটিলতার আশংকা থাকে। এ জটিলতা রোধকল্পে এ বছরের বাজেট ঘোষণার প্রাক্কালে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) <u>Prior Entry Import Manifest এর ক্ষেত্রে:</u>

৩৫৮৪
২৯/৫/২৩

(১) বাজেট কার্যকর হওয়ার পূর্বে Customs Act, 1969 এর section 43 sub-section (4) অনুযায়ী Prior Entry Import Manifest এবং Customs Act, 1969 এর section 79 sub-section (2) অনুযায়ী Prior Entry B/E দাখিল করা হলে তা চিহ্নিত করতে হবে। Prior Entry Import Manifest এর কোন কোন Bill of Lading এর বিপরীতে B/E দাখিল হয়েছে তাও সনাক্ত করতে হবে। প্রয়োজন বোধে তালিকা প্রণয়ন করা যেতে পারে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত পণ্যচালান আইন অনুযায়ী ASYCUDA সিস্টেমের Inspection Act এর Provisional Assessment বক্সে টিক দিয়ে সরকারের রাজস্ব সুরক্ষা হয় এমন ব্যবস্থা গ্রহণ সাপেক্ষে সাময়িক শুল্কায়ন করতে হবে এবং অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস এর নিম্নে নয়, এমন কর্মকর্তা পর্যায়ে শুল্কহার সম্পর্কে নিশ্চিত হয়ে চূড়ান্ত শুল্কায়ন করতে হবে।

(৩) যথাযথ অনুমোদন সাপেক্ষে Prior Entry Import Manifest দাখিল করা হয়েছে কিনা তা পরীক্ষা করতে হবে এবং Prior Entry B/E সংশ্লিষ্ট পণ্যচালানের ক্ষেত্রে Final Entry Import Manifest দাখিলের তারিখ বিষয়ে যথাযথ পরীক্ষাপূর্বক সংশ্লিষ্ট অ্যাসিস্ট্যান্ট/ ডেপুটি কমিশনার অব কাস্টমস কর্তৃক নিশ্চিত হতে হবে।

(৪) বাজেট ঘোষণা পর্যন্ত Prior Entry Import Manifest অথবা Prior Entry B/E দাখিলের অনুমোদন প্রদানের পূর্বে অত্যন্ত সাবধানতা অবলম্বন করতে হবে এবং আবেদনের গুণাগুণ (merit) বিবেচনায় নিয়ে তা যৌক্তিক প্রতীয়মান হলেও শুধুমাত্র আইন অনুযায়ী তা অনুমোদনের সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

(৫) সকল কাস্টম হাউস/কাস্টমস স্টেশনে অভিন্নতা বজায় রাখার স্বার্থে বাজেট ঘোষণার পূর্ব দিন অর্থাৎ <u>৩১ মে, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১১.৫৯ টা হতে ১ জুন, ২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত</u>

CamScanner

অন-লাইন পদ্ধতি চালু রয়েছে এমন দপ্তরসহ সকল কাস্টম হাউস/ কাস্টমস স্টেশনে Import Manifest এবং Bill of Entry এর রেজিস্ট্রেশন কার্যক্রম বন্ধ থাকবে।

(খ) **বাজেট ঘোষণার তারিখ এবং অব্যবহিত পরের তারিখে দাখিলকৃত B/E এর ক্ষেত্রে:**

(১) কোন Import Manifest এবং Bill of Lading এর বিপরীতে পূর্বে দাখিলকৃত B/E যেন পুনরায় দাখিল করা না হয় তা এ System এ নিশ্চিত করতে হবে। প্রয়োজনে পরীক্ষা করার জন্য দাখিলকৃত Import Manifest এর তালিকা (হার্ড কপি) সংরক্ষণ করতে হবে। Import Manifest এর কোন কোন Bill of Lading এর বিপরীতে B/E দাখিল হয়েছে তা সনাক্ত করতে হবে এবং প্রয়োজনে কোন পণ্যচালান শুল্কায়নের পূর্বে তা পরীক্ষা করতে (cross check) হবে।

(২) শুল্ক হারের পরিবর্তন (যদি থাকে) ASYCUDA World System এ আপডেট হলেও প্রাথমিক পর্যায়ে বাজেট দলিলাদির মুদ্রিত কপি দেখে শুল্কহার সম্পর্কে নিশ্চিত হয়ে অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস এর নিম্নে নয়, এমন কর্মকর্তা পর্যায়ে শুল্কায়ন করতে হবে। প্রয়োজনে আইন অনুযায়ী সরকারের রাজস্ব সুরক্ষা হয় এমন ব্যবস্থা গ্রহণ সাপেক্ষে সাময়িক শুল্কায়ন করতে হবে।

(৩) বাজেট দলিলাদির সাথে ASYCUDA World System এর সাথে কোনো পার্থক্য সূচিত হলে তাৎক্ষণিকভাবে তা দ্বিতীয় সচিব (কাস্টমস: নীতি) কে অবহিত করতে হবে।

০৩। উল্লিখিত সতর্কতামূলক পদক্ষেপসমূহ বাজেট ঘোষণার পূর্বে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস তাঁর বিবেচনায় এবং অন্যবিধ যে সকল সতর্কতা অবলম্বন জরুরী বলে মনে করেন, তা উল্লেখপূর্বক স্ব-স্ব দপ্তরে অফিস আদেশ জারী করতে পারবেন।

22/05/2020

মোঃ পারভেজ রেজা চৌধুরী
দ্বিতীয় সচিব (কাস্টমস: নীতি)
ই-মেইল: sscuspolicy@gmail.com

**বিতরণ:**

১-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর/পানগাঁও।
৭-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম)/ঢাকা (উত্তর)/ চট্টগ্রাম/ যশোর/ খুলনা/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ রংপুর।
১৬-১৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম।
১৯। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।